বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

মুজিব শতবর্ষ 100

৮৫

স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৫৬/ PVV Edu (পার্ট-৬)/২০২১/ ৮৯৭৪ তারিখ : ২২.০২.২০২২ খ্রি.

বিষয় : সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর ভোকেশনাল কর্মসূচির আওতায় নির্বাচিত ২০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য ট্রেড ইন্সট্রাক্টর এবং ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট সংযুক্তি প্রদান।

সূত্র : ১. মাউশি/সেসিপ/২-৪৬৫/ PVV Edu (পার্ট-৩)/ ২০১৯/৪৯৯০; তারিখ: ১৭.১২.২০১৯ খ্রি.
২. মাউশিবি-এর পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.৯৯.৬৭৫.১৮.৫৭; তারিখ: ১২.০১.২০২০ খ্রি.
৩. কা.ও মা. শিক্ষা বিভাগ-এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৩.১৯.০০৪.১৮.৫৭, তারিখ: ২৪.০২.২০২০ খ্রি.
৪. কা. শিক্ষা অধিদপ্তর_এর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.১৮.১১১.১৩.অংশ-১.২১০; তারিখ: ০৯.০৩.২০২০ খ্রি.
৫. মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৫৫৬/ PVV Edu (পার্ট-৬)/ ২০২১/৮৮৫০; তারিখ: ০৫.০১.২০২২ খ্রি.
৬. মাউশিবি-এর পত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.২৪.০২৪.১৭.৩৭; তারিখ: ২৬.০১.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর ভোকেশনাল কর্মসূচির আওতায় মাধ্যমিক স্তরের সাধারণ শিক্ষা ধারার ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয়/মাদ্রাসা) ২০২০ শিক্ষাবর্ষ হতে এসএসসি/দাখিল পর্যায়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বাকাশিবো)-এর কারিকুলামভুক্ত ও শিক্ষামন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত ০২টি করে ট্রেডের (মোট ট্রেড ১০টি) একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। একর্মসূচির জন্য নির্বাচিত ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে ২০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় অন্তর্ভুক্ত রয়েছে (তালিকা সংলগ্নি-১)। বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে একাডেমিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত প্রতিটি বিদ্যালয়ে ০২জন করে ট্রেড ইন্সট্রাক্টর ও ০২জন করে ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট নিয়োগ প্রদান করা হচ্ছে। কিন্তু বর্ণিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে নির্ধারিত ট্রেডে অদ্যাবধি শিক্ষক ও কর্মচারী নিয়োগ না হওয়ায় শিক্ষার্থীদের পাঠদান বিঘ্নিত হচ্ছে।

০২। নির্বাচিত ২০টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট-এর নতুন পদ সৃজনপূর্বক নিয়োগ প্রদান সময়সাপেক্ষ। এপরিপ্রেক্ষিতে, বর্ণিত বিদ্যালয়সমূহে একাডেমিক কার্যক্রম পরিচালনার নিমিত্ত ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট নিয়োগের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা কামনা করে ১নং সূত্রোক্ত স্মারকে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয় (সংলগ্নি-২)। এরই ধারাবাহিকতায় বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে স্ববেতনে প্রেষণে শিক্ষক-কর্মচারী পদায়নের অনুরোধ জানিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে ২ নং সূত্রোক্ত স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয় (সংলগ্নি-৩)। এর ফলশ্রুতিতে বর্ণিত বিদ্যালয়সমূহে শিক্ষক-কর্মচারী সংযুক্তির নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে বিদ্যালয়ের তালিকাসহ ৩ নং সূত্রোক্ত স্মারকে কারিগরি শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয় (সংলগ্নি-৪)। কিন্তু নির্বাচিত ট্রেডসমূহে শিক্ষক স্বল্পতার কারণ প্রদর্শনপূর্বক কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত ৪ নং স্মারকে বর্ণিত বিদ্যালয়সমূহে শিক্ষক-কর্মচারী সংযুক্তির বিষয়ে অপারগতা প্রকাশ করা হয় (সংলগ্নি-৫)।

০৩। বাস্তব পরিস্থিতি বিবেচনায় নির্বাচিত ২০টি সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে ২০২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের শ্রেণি পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংযুক্তির মাধ্যমে ট্রেড ইন্সট্রাক্টর ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট পদায়ন অত্যাবশ্যক। এলক্ষ্যে নির্দেশনা কামনা করে বিগত ০৫.০১.২০২২ খ্রি. তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর সূত্রোক্ত ৫নং স্মারকে পুনরায় পত্র প্রেরণ করা হলে (সংলগ্নি-৬) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে সত্রোক্ত ৬নং স্মারকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যোগাযোগের নিমিত্ত নির্দেশনা প্রদান করা হয় (সংলগ্নি-৭)। কিন্তু নির্দেশনা অনুসারে অত্র দপ্তর থেকে কারিগরি ও মাদ্রাসা বিভাগে একাধিকবার যোগাযোগ করা হলেও কারিগরি প্রতিষ্ঠানসমূহ থেকে বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে স্ববেতনে প্রেষণে শিক্ষক-কর্মচারী নিয়োগের বিষয়ে কাঙ্ক্ষিত অগ্রগতি সাধিত হয়নি। তথাপি এবিষয়ে অভীষ্ট লক্ষ্য অর্জনে কারিগরি ও মাদ্রাসা বিভাগে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। তবে এ বিষয়ে পুনরায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ হতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে একটি পত্র প্রেরণ করা হলে সংযুক্তির মাধ্যমে ট্রেড ইন্সট্রাক্টর পদায়নের বিষয়টি গতি প্রাপ্ত হবে।

০৪। এমতাবস্থায়, সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতায় ভর্তিকৃত শিক্ষার্থীদের সুষ্ঠুভাবে পাঠদানের লক্ষ্যে নির্বাচিত ২০টি সরকারি বিদ্যালয়ের প্রতিটিতে ০২জন করে ট্রেড ইন্সট্রাক্টর এবং ০২ জন করে ল্যাব অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব অ্যাসিস্ট্যান্ট সংযুক্তিতে পদায়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পুনরায় প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

সংলাগ-বর্ণনানুযায়ী ১০ পৃষ্ঠা।

22.02.2022

(প্রফেসর ড. সামসুন নাহার)
যুগ্ম-প্রোগ্রাম পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২২২৩৩৮৩৭১২
email: jpd.sesip@gmail.com

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ: আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাউশিবি]

অনুলিপি:
১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. প্রোগ্রাম পরিচালক, সেসিপ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা।

C:\Users\emdadul.haque\Desktop\Google Drive\Vocational\Update\...\Voc Letter All.docx

Scanned with AnyScanner